

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 25.11.2024

Time: 7.50 P.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাজ্য বিধানসভার অধিবেশন আজ শুরু হয়েছে। একই সঙ্গে শুরু হয়েছে নব নির্বাচিত বিধায়কদের শপথগ্রহণের তৎপরতা।

২) ভারতের সংবিধান গৃহীত হওয়ার ৭৫-তম বর্ষ পূর্তিতে কেন্দ্র আগামীকাল থেকে বছরব্যাপী উদযাপনের সিদ্ধান্ত নিয়েছে। দিনটি উপলক্ষে পুরুলিয়ায় নিস্তারিনী মহিলা কলেজে আজ থেকে শুরু হয়েছে বিশেষ অনুষ্ঠান।

৩) দলকে আরও দায়িত্বশীল করতে তৃণমূল কংগ্রেস তিনটি শৃঙ্খলারক্ষা কমিটি গঠন করেছে। বাড়ানো হয়েছে জাতীয় কর্মসমিতির সদস্য সংখ্যাও।

৪) নিয়োগ দুর্নীতি মামলায় আড়াই বছর পর জামিন পেয়েছেন অপরিতা মুখোপাধ্যায়।
এদিকে,পার্থ চট্টোপাধ্যায় সহ ৯ জনের জামিনের বিষয়টি তৃতীয় বিচারপতির কাছে পাঠানো হয়েছে।

৫) মহালিতে মহিলাদের অনূর্ধ্ব-১৫ একদিনের ক্রিকেটে বাংলা আজ ৮২ রানে পাঞ্জাবকে হারিয়ে দিয়েছে।

oooooooooooooooooooo

রাজ্য বিধানসভার অধিবেশন আজ থেকে শুরু হয়েছে। সাম্প্রতিক কালে প্রয়াত বিশিষ্ট ব্যক্তিদের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানিয়ে শোক প্রস্তাব গ্রহণ এবং নীরবতা পালনের পর অধিবেশন দিনের মতো মূলতুবি হয়ে যায়। রতন টাটা, মনোজ মিত্র, উৎপলেন্দু চক্রবর্তী, হাফিজ আলম সৈরানী সহ সম্প্রতি প্রয়াত ব্যক্তিদের উদ্দেশে শোক প্রস্তাব পাঠ করেন অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়। সংবিধান দিবস উদযাপনের অঙ্গ হিসেবে আগামীকাল বিধানসভায় সংবিধান রক্ষার গুরুত্ব সংক্রান্ত একটি প্রস্তাব আসতে চলেছে। আগামীকাল ও বুধবার ওই প্রস্তাবের ওপর আলোচনায় সরকার ও বিরোধী পক্ষের সদস্যরা অংশ নেবেন। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জিও প্রথম দিনের আলোচনায় যোগ দেবেন বলে জানা গেছে।

oooooooooooooooooooooooooooo

রাজ্যে সদ্য সমাপ্ত ছয় বিধানসভার উপনির্বাচনে জয়ী প্রার্থীদের শপথ গ্রহণ নিয়ে তৎপরতা শুরু হয়েছে। দ্রুত বিধায়কদের শপথ করানোর অনুরোধ জানিয়ে অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় রাজ্যপাল সিভি আনন্দ বোসকে চিঠি দিচ্ছেন। চিঠিতে রাজ্যপালকে দ্রুত তাঁর সুবিধামতো দিনে বিধানসভায় এসে ছয় বিধায়ককে শপথবাক্য পাঠ করানোর জন্য অনুরোধ জানানো হচ্ছে বলে বিধানসভা সূত্রে জানা গেছে।

oooooooooooooooooooooooooooo

ভারতের সংবিধান গৃহীত হওয়ার 75 তম বছর স্মরণে সরকার আগামীকাল থেকে বছরব্যাপী উদযাপনের ঘোষণা করেছে। 2025 সালের 26শে নভেম্বর পর্যন্ত দেশ জুড়ে এই উদযাপন চলবে। 1949 সালের 26শে নভেম্বর, ভারতের গণপরিষদ সংবিধান গৃহীত হয়েছিল, যা 1950 সালের 26শে জানুয়ারী কার্যকর হয়েছিল। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু একথা জানান।

(বাইট – রিজিডু)

০০০০০০০০০০০০০০০০০০

সংবিধান দিবস উপলক্ষে পুরুলিয়ার নিস্তারিণী মহিলা মহাবিদ্যালয়ে আজ থেকে দু-দিনের বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। ভারত সরকারের সেন্ট্রাল ব্যুরো অপ কমিউনিকেশন সিবিসি-র বর্ধমান ফিল্ড অফিস এবং এই কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের যৌথ উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে পড়ুয়ারা যোগ দেন। সিবিসি-র দায়িত্বপ্রাপ্ত আধিকারিক সৈকত সরকার জানিয়েছেন, আগামীকালও একাধিক অনুষ্ঠান, আলোচনাসভার আয়োজন করা হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০

২৬-শে নভেম্বর সংবিধান দিবস উপলক্ষ্যে শুনবেন বিশেষ আলোচনা “সংবিধান দিবস ও তার তাৎপর্য”। আলোচনায় অংশ নিয়েছেন পশ্চিমবঙ্গের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং যাদবপুর বিশ্ববিদ্যালয়ের আন্তর্জাতিক সম্পর্কের অধ্যাপক কাকলী সেনগুপ্ত। সঞ্চালনায় কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ কলকাতা প্রযোজিত এই আলোচনা শুনবেন আগামীকাল রাত ৯ টায় গীতাঞ্জলি, ১০৭ এফ এম প্রচার তরঙ্গ ও ডি টি এইচ বাংলা পরিষেবায়।

০০০০০০০০০০০০০০০০০০

দলকে আরও দায়িত্বশীল করতে তৃণমূল কংগ্রেস তিনটি শৃঙ্খলারক্ষা কমিটি গঠন করেছে। দলের প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর পৌরোহিত্যে আজ কলকাতার কালীঘাটে তার বাসভবনে আয়োজিত জাতীয় কর্মসমিতির বৈঠকে এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকের পরে মন্ত্রী চন্দ্রিমা ভট্টাচার্য সাংবাদিকদের বলেন সুদীপ

বন্দ্যোপাধ্যায়, শোভনদেব চট্টোপাধ্যায় এবং সুব্রত বক্সীর নেতৃত্বে সংসদ, বিধানসভা ও দলীয় স্তরে তিনটি শৃঙ্খলা রক্ষা কমিটি গঠন করা হয়েছে।

(বাইট – চন্দ্রিমা)

এখন থেকে দল বিরোধী কোন কাজ করলে দলের সদস্যদের সর্বাধিক তিনটি কারণ দর্শানোর নোটিশ জারি করা হবে, এর পরেও কোন সন্তোষজনক উত্তর না এলে তাকে দল থেকে বহিস্কার করা হবে বলে তিনি জানান।

এছাড়াও জাতীয় ও রাজ্যস্তরে সংবাদমাধ্যমের সঙ্গে বিভিন্ন বিষয়ে কথা বলার জন্য মুখপাত্রদের নাম নির্দিষ্ট করে দেওয়া হয়েছে। এই বিষয়ে সবার সঙ্গে সমন্বয় রক্ষা করার জন্য দায়িত্ব দেওয়া হয়েছে অরূপ বিশ্বাসকে। কর্মসমিতির নতুন সদস্য হিসাবে যোগ দিয়েছেন, বিমান বন্দ্যোপাধ্যায়, মানস ভুঁইয়া, মালা রায়, কল্যাণ বন্দ্যোপাধ্যায় ও জাভেদ খান।

এরফলে সমিতির মোট সদস্য সংখ্যা বেড়ে হয়েছে সাতাশ। মহিলাদের প্রতি নির্যাতন রুখতে বিধানসভায় যে অপরাজিতা বিল পাস হয়েছে তা দ্রুত আইনে পরিণত করে কার্যকর করার দাবিতে দলের মহিলা কংগ্রেস আগামী শনি ও রবিবার রাজ্যের প্রতিটি ব্লকে দল মিটিং, মিছিল, ধর্না কর্মসূচি পালন করবে বলে আজকের বৈঠকে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। এই নিয়ে দলের ১৫ সদস্যের এক প্রতিনিধি দল দশই ডিসেম্বরের পরে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু-র সঙ্গে দেখা করার জন্য সময় চাইবে বলেও চন্দ্রিমা দেবী জানান।

০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারের আনা ওয়াকফ সংশোধনী বিলের প্রতিবাদে বিধানসভায় বিল আনা ছাড়াও এক সমাবেশ আয়োজন করার জন্য তৃণমূল কংগ্রেসের সংখ্যালঘু সেলকে নির্দেশ দেওয়া হয়েছে। দলনেত্রী মমতা ব্যানার্জির নির্দেশে ৩০-শে নভেম্বর কলকাতার রানি রাসমনি অ্যাভিনিউয়ে এই জনসভার আয়োজন করেছেন সেলের চেয়ারম্যান তথা ইটাহারের বিধায়ক মোশারফ হোসেন। ওই সভায় মেয়র ফিরহাদ

হাকিম, লোকসভায় তৃণমূলের মুখ্যসচেতক কল্যাণ বন্দ্যোপাধ্যায় বক্তব্য রাখবেন।
মোশারফ বলেন, অগণতান্ত্রিকতা ওয়াকফের সম্পত্তি দখল করতে দেওয়া হবে না।

০০০০০০০০০০০০০০০০০০০০০

এদিকে, বিজেপি ওয়াকফ বিল নিয়ে রাজ্য সরকারের এই আন্দোলনের সমালোচনা করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী আজ বিধানসভার বাইরে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে জানান, ওয়াকফ বিলের বিষয়টি যৌথ সংসদীয় কমিটির বিবেচনাধীন। তাই কমিটির রিপোর্ট দেওয়ার আগে এবিষয়ে কারোর মন্তব্য করা উচিত নয়।

(বাইট - শুভেন্দু)

এরাজ্যে মেরুকরণ, তোষণের রাজনীতি এবং ভোট ব্যাংককে মজবুত করার জন্য প্রতিযোগিতা চলছে বলে তিনি অভিযোগ করেন।

অন্যদিকে বিধায়ক অগ্নিমিত্রা পাল জানিয়েছেন, রাজ্যে বেকারত্ব নারী সুরক্ষার অভাব, দুর্নীতি সহ একাধিক বিষয়ে মানুষের দৃষ্টি ঘোরাতে এই আন্দোলন করা হচ্ছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

নিয়োগ দুর্নীতি মামলায় প্রায় আড়াই বছর পর জামিন পেলেন, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায় ঘনিষ্ঠ অর্পিতা মুখোপাধ্যায়। ২০২২ সালের জুলাই মাসে ইডি-র হাতে গ্রেফতার হয়েছিলেন অর্পিতা। একই সঙ্গে গ্রেফতার করা হয়েছিল রাজ্যের তৎকালীন মন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে। অর্পিতার ফ্ল্যাট থেকে তল্লাশি চালিয়ে ৫০ কোটি টাকা এবং ২ কোটি টাকার সোনা এছাড়াও বহু গুরুত্বপূর্ণ নথি আধিকারিকদের হাতে আসে। আজ ইডি-র বিশেষ আদালতে ৫ লক্ষ টাকা বন্ডের বিনিময়ে অর্পিতাকে প্যারোলে জামিন দেওয়া হয়েছে। একই সঙ্গে থাকছে বেশ কয়েকটি শর্ত।

মামলা চলাকালীন এলাকা ছাড়তে পারবেন না অর্পিতা। জমা রাখতে হবে পাসপোর্টও।

উল্লেখ্য, মায়ের মৃত্যুর কারণে গত বৃহস্পতিবার প্যারোলে মুক্তি পেয়েছেন অর্পিতা। ৫ দিনের জন্য তাকে ছাড়া হয়। এই মেয়াদ শেষ হতে না হতে এবার জামিন পেলেন তিনি।

এদিকে, রাজ্যের প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়-সহ ন’জনের জামিনের আবেদন নিয়ে কলকাতা হাইকোর্টের ডিভিশন বেঞ্চের দুই বিচারপতির মতপার্থক্যের জেরে তা তৃতীয় বিচারপতির কাছে পাঠানো হয়েছে। প্রধান বিচারপতি টিএস শিবজ্ঞানম ওই মামলাটি বিচারপতি তপোব্রত চক্রবর্তীর বেঞ্চে শুনানির জন্য পাঠিয়েছেন। সেখানেই পার্থ চট্টোপাধ্যায়-সহ অন্যান্যদের জামিনের আবেদনের নিষ্পত্তি হবে।

উল্লেখ্য হাইকোর্টের বিচারপতি অরিজিৎ বন্দ্যোপাধ্যায় এবং বিচারপতি অপূর্ব সিংহ রায়ের ডিভিশন বেঞ্চে পার্থ চট্টোপাধ্যায় সহ অন্যান্যদের জামিনের মামলার শুনানি চলে। গত ২০ নভেম্বর এই মামলার রায় দেয় বেঞ্চ।

০০০০০০০০০০০০০০০০০০

আসানসোল সিবিআই আদালতে কয়লা পাচার মামলায় অন্যতম অভিযুক্ত বিকাশ মিশ্র আজ উপস্থিত না থাকায় এই মামলার চার্জ গঠন পিছিয়ে গেল। বিকাশ মিশ্রকে কলকাতা পুলিশ পকসো মামলায় গ্রেপ্তার করায় তিনি আদালতে হাজির করা যায়নি বকে তাঁর আইনজীবী জানিয়েছেন। আগামী ১০ ডিসেম্বর পরবর্তী শুনানির দিন ধার্য হয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০

যেকোনো রকম পরিস্থিতিতে অসহায় মানুষের পাশে দাঁড়ানো এবং আত্মরক্ষা করতে হ্যাম রেডিওর কার্যকারিতা নিয়ে প্রশিক্ষণ শুরু করেছে ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাব।

আজ দক্ষিণ কলকাতার women's ক্রিশ্চান কলেজে এই উপলক্ষে একটি কর্মশালার সূচনা করেন কলেজের অধ্যক্ষ ডঃ অজন্তা পাল । কর্মশালার মুখ্য বক্তা ওয়েস্ট বেঙ্গল রেডিও ক্লাবের সম্পাদক অম্বরিশ নাগ বিশ্বাস বলেন, শুধু প্রাকৃতিক বিপর্যয় নয় ,যে কোনো পরিস্থিতিতে এবং নারী সুরক্ষায় হ্যাম রেডিও গুরুত্বপূর্ণ ভূমিকা নিতে পারে ।

(বাইট - অম্বরিশ নাগ বিশ্বাস)

০০০০০০০০০০০০০০০০০০০০

দামি গাড়ির মালিকের একাংশ নিয়মিত পথ কর না মেটানোয় তাদের কাছে সরকারের বিপুল পরিমাণে রাজস্ব বকেয়া রয়েছে বলে পরিবহন মন্ত্রী স্নেহাশিস চক্রবর্তী জানিয়েছেন। বিধানসভার লবিতে আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মন্ত্রী বলেন শুধুমাত্র কলকাতাতেই ৩০ শতাংশ গাড়ি মালিকের কাছ থেকে রাজ্য সরকারের প্রায় ৮০ কোটি টাকা রাজস্ব এবং জরিমানা বকেয়া রয়েছে। এদের অধিকাংশই নামী বিদেশী গাড়ির মালিক।

বাইট

০০০০০০০০০০০০০০০০০০০০০

মোহালিতে আজ মহিলাদের অনূর্ধ্ব ১৫ একদিনের ক্রিকেটে বাংলা ৮২ রানে পাঞ্জাবকে হারিয়ে দিয়েছে। বাংলা প্রথমে ব্যাট করে সাত উইকেটে ১৩১ রান সংগ্রহ করে। অধিনায়ক সন্দীপ্তা পাত্র ৬২ রানে অপরাজিত থাকেন। এরপর পাঞ্জাবের ইনিংস ৪৯ রানে শেষ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০